



অপ্রতিমের মৃত্যুতে স্বরাষ্ট্রমন্ত্রীর পদত্যাগ চাইলেন সাদিক কায়ম



সাদিক কায়ম। ছবি: সংগৃহীত

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের (কুবি) বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক ড. নাহিদা বেগমের ১৩ বছর বয়সী ছেলে ইশিয়াত শাহরিয়ার অপ্রতিমের মরদেহ উদ্ধার করেছে পুলিশ। তার মৃত্যু নিয়ে ফেসবুকে স্ট্যাটাস দিয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (ডাকসু) ভিপি সাদিক কায়ম।

শনিবার (১৯ সেপ্টেম্বর) সন্ধ্যা ৬টা ২৫ মিনিটে নিজের ফেসবুক অ্যাকাউন্টে দেওয়া স্ট্যাটাসে তিনি লেখেন, “কুমিল্লায় ১৩ বছর বয়সী নিখোঁজ শিশু অপ্রতিমের পড়ে থাকা লাশ দেখে যে কোনো বিবেকবান মানুষই বাকরুদ্ধ হয়ে পড়বেন। অথচ দেশের আইনশৃঙ্খলা নিয়ন্ত্রণের দায়িত্বে থাকা আমাদের মহামন্ত্রীর বিবেককে কি এসব ঘটনা আদৌ নাড়া দেয়? তিনি হয়তো এখন প্রধানমন্ত্রীর হয়ে কোনো দায়িত্ব সামলাতে ব্যস্ত, কিংবা অন্য কোনো মন্ত্রণালয়ের কাজে অযাচিত খবরদারি করতে ব্যস্ত। আবার নিজের ছেলে ও আত্মীয়স্বজনদের কোনো অভিজ্ঞতা ছাড়াই বড় বড় সরকারি প্রকল্পের দায়িত্ব দেওয়া কিংবা লাভজনক সরকারি পদে বসানোর চিন্তাতেও হয়তো ব্যস্ত তিনি।

বিএনপি সরকার দায়িত্ব নেওয়ার পর দেশে একের পর এক খুন ও ধর্ষণের ঘটনা ঘটে চলেছে। নারী, শিশু, বৃদ্ধ—কেউই যেন নিরাপদ নয়। আজও মানিকগঞ্জে স্ত্রী-কন্যাসহ এক প্রবাসীর লাশ উদ্ধার হয়েছে। নিঃসন্দেহে সালাহউদ্দিন আহমদ এই ব্যর্থ সরকারের সবচেয়ে ব্যর্থ মন্ত্রী।

আমরা এমন বাংলাদেশ চাইনি। দেশের প্রতিটি মানুষের জানমালের নিরাপত্তা কায়মের জন্য ‘২৪-এ আমরা লড়াই করেছি। সেই নিরাপত্তা দিতে ব্যর্থ হলে সময় থাকতেই ব্যর্থতার দায় নিয়ে স্বরাষ্ট্রমন্ত্রী পদত্যাগ করুক—এটাই গণদাবি।”